



আজ বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচে মুখোমুখি মেক্সিকো-দক্ষিণ আফ্রিকা



ছবি: সংগৃহীত

২০২৬ ফিফা বিশ্বকাপের আনুষ্ঠানিক পর্দা উঠছে আজ বৃহস্পতিবার (১১ জুন)। উদ্বোধনী ম্যাচে মুখোমুখি হবে স্বাগতিক মেক্সিকো ও দক্ষিণ আফ্রিকা। ম্যাচটি অনুষ্ঠিত হবে মেক্সিকো সিটির ঐতিহাসিক আজটেকা স্টেডিয়ামে ‘গ্রুপ এ’র অংশ হিসেবে।

ম্যাচের আগে একই ভেন্যুতে হবে উদ্বোধনী অনুষ্ঠান। এতে পারফর্ম করবেন কলম্বিয়ান তারকা শাকিরা এবং নাইজেরিয়ান শিল্পী বার্না বয়। তারা যৌথভাবে আসরের অফিসিয়াল থিম সং ‘দাই দাই’ পরিবেশন করবেন। মঞ্চে আরও থাকবেন জে বালভিন ও ব্যান্ড মানা।

ঐতিহাসিক দিক থেকেও ম্যাচটি গুরুত্বপূর্ণ। ২০১০ বিশ্বকাপে একই দুই দল উদ্বোধনী ম্যাচে ১-১ গোলে ড্র করেছিল। এবার স্বাগতিক মেক্সিকোর মাঠেই আবারও মুখোমুখি হচ্ছে দুই দল।

মেক্সিকো দলে অভিজ্ঞ গোলরক্ষক ওচোয়া ষষ্ঠবারের মতো বিশ্বকাপে খেলছেন। দলটি সাম্প্রতিক ম্যাচগুলোতে রক্ষণে ভালো ফর্মে রয়েছে। অন্যদিকে দক্ষিণ আফ্রিকা আক্রমণাত্মক কাউন্টার অ্যাটাক নির্ভর খেলায় ধারাবাহিকভাবে গোল পাচ্ছে।

বিশ্বকাপের উদ্বোধনী আয়োজন মেক্সিকো ছাড়াও টরন্টো ও লস অ্যাঞ্জেলেসে আলাদা অনুষ্ঠানের মাধ্যমে চলবে, যেখানে বিভিন্ন আন্তর্জাতিক তারকা পারফর্ম করবেন।